



শিক্ষাশ্রী

অনগ্রসর শ্রেণি কল্যাণ দপ্তর এবং আদিবাসী উন্নয়ন দপ্তর

প্রকল্পটির উদ্দেশ্য

মূলত স্কুলছুট রোধ করা এবং মাধ্যমিক স্তরে বেশি সংখক তপশিলি জাতি ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের পড়াশুনা চালিয়ে যাওয়ার উদ্দেশ্যে নথিভুক্ত ছাত্র/ছাত্রীকে বছরে ৮০০ টাকা স্কলারশিপ দেওয়া হয়।

এই প্রকল্পের সুবিধা কারা পেতে পারেন

- ১) রাজ্যের সরকারি/ সরকার পোষিত বা স্বীকৃতি প্রাপ্ত স্কুলের পঞ্চম থেকে অষ্টম শ্রেণিতে পাঠরত তপশিলি জাতি ও আদিবাসী ছাত্র-ছাত্রী যারা হোস্টেলে থাকে না তারা আবেদন করতে পারেন।
- ২) পরিবারের বার্ষিক আয় ২ লক্ষ ৫০ হাজার টাকার নিচে হতে হবে।

প্রকল্পে আবেদনের জন্য প্রয়োজনীয় নথি

- ১) আবেদনকারীর জাতিগত শংসাপত্র/ পৈতৃক সূত্রে জাতিগত প্রমাণ;
- ২) সচিত্র পরিচয়পত্রের প্রমাণ হিসাবে আধার কার্ড/ খাদ্যসার্থী ইত্যাদির ফটোকপি দিতে হবে;
- ৩) আবেদনকারীর ব্যাঙ্ক পাশবইয়ের IFS Code সহ ফটোকপি লাগবে;
- ৪) আবেদনকারী/ অভিভাবকের মোবাইল নম্বর।
- ৫) আবেদনকারীর অভিভাবকের আয়ের প্রমাণপত্র

যোগাযোগ

দুয়ারে সরকার ক্যাম্প / নিজের স্কুলে আবেদন করতে হবে। শিক্ষাশ্রীর অনুদান সরাসরি ছাত্র-ছাত্রীদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট-এ পাঠানো হয়।